গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

অফিস আদেশ

বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভূক্ত কর্মকর্তাগণের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা ২০২০ সালের আগস্ট মাসে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ক্যাডারের কর্মকর্তাগণকে ২৪ জুলাই ২০২০ খ্রি. রাত ১২.০১ মিনিট থেকে শুরু করে ২৩ সেপ্টেম্বর ২০২০ খ্রি. রাত ১২.০০ টার মধ্যে নির্ভুলভাবে **Online**-এ আবেদনপত্র (**Soft copy**) দাখিলের পর বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী **Soft copy**- এর মুদ্রিত কপি (**Hard copy**), ১১ অক্টোবর ২০২০ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই সরাসরি সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এবং এর ০১(এক) কপি অনুলিপি উপপরিচালক (কলেজ-১) কে দৃষ্টি আকর্ষণ পূর্বক মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০ বরাবরে প্রেরণ করতে হবে। আবেদনকারী কর্মকর্তাগণকে আরও জানানো যাচ্ছে যে, আবেদনপত্রের হার্ডকপির নির্ধারিত স্থানে প্রার্থীর নিজের ও তাঁর পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সীলসহ স্বাক্ষর করে স্থায়ীকরণের আদেশের কপি, পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি এবং আত্তীকৃত শিক্ষকগণের ক্ষেত্রে নিয়মিতকরণের আদেশের কপি অবশ্যই সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, আত্তীকৃত শিক্ষকগণকে নির্ধারিত আবেদন ফরমে সরকারি চাকুরিতে যোগদানের তারিখ উক্ত কর্মকর্তার স্ব-স্ব পদে নিয়মিত করণের আদেশের তারিখ লিপিবদ্ধ করতে হবে। এ সম্পর্কিত বাংলাদেশ সরকারী পাবলিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৯/৮/২০২০

(প্রফেসর ড. শাহ মো: আমির আলী-৪৭৪১)
উপপরিচালক (কলেজ-১)
ফোন ঃ ৯৫৫৮৫০৫

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৩৪.০০১.২০১৫-৭০৯/০৫ তারিখ ঃ ১৯/০৮/২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

০১। পরিচালক (ক: ও প্র:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০২। অধ্যক্ষ/প্রতিষ্ঠান/সংস্থা প্রধান (সকল সরকারী কলেজ, মাদ্রাসা-ই-আলিয়া, শিক্ষক প্রশিক্ষণ কলেজ, এনসিটিবি, শিক্ষা বোর্ড, ডি আই এ, নায়েম, এইচ এস টি টি আই, ইউনেস্কো কমিশন, অবসর ও সুবিধা বোর্ড ইত্যাদি);

০৩। সহকারী পরিচালক (কলেজ ১, ২ ও ৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০৫। সংরক্ষণ নথি।

C:/Increement Not/(38)

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

| |
|---|
| সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা আগস্ট' ২০২০ অনুষ্ঠান সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি। |

## প্রেস বিজ্ঞপ্তি

নং - ৮০.১১০.০৩৮.০০.০০.০০৩.২০২০-৯৭

তারিখ: ২৩ জুলাই ২০২০ / ০৮ শ্রাবণ ১৪২৭

**বিষয়: বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা, আগস্ট'২০২০।**

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা আগস্ট' ২০২০- এ অংশগ্রহণে ইচ্ছুক যোগ্য প্রার্থীদের নিকট হতে online-এ আবেদনপত্র (soft copy) আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রসমূহ ২৪ জুলাই ২০২০ খ্রি. রাত ১২.০১ মিনিট থেকে শুরু করে ২৩ সেপ্টেম্বর' ২০২০ খ্রি. রাত ১২.০০ টা'র মধ্যে দাখিল করতে হবে এবং **বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭** অনুযায়ী আবেদনপত্রের soft copy এর hard copy ১১ অক্টোবর ২০২০ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই **সরাসরি সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে।** আবেদনপত্রের (hard copy) যথাস্থানে প্রার্থীর এবং তার পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর থাকতে হবে । প্রার্থীগণকে আবেদনপত্রের ০১(এক) টি অনুলিপি স্ব-স্ব ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনপত্রের hard copy যাচাই-বাছাই পূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে, ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক প্রার্থীর প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনান্তে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে তা পরীক্ষা অনুষ্ঠানের ১৫ (পনের) দিন পূর্বে কমিশনকে অবহিত করতে হবে। **নির্ধারিত তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

২. আবেদনপত্রের Online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি এবং সত্যায়িত পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের hard copy এর যথাস্থানে আবেদনকারী ও তার পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সিলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। যেহেতু এটি উচ্চতর পর্যায়ের পদোন্নতি পরীক্ষা সেহেতু, প্রেরিত আবেদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। **যে কোন ধরণের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

ক্রমশ/২

বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও বাতিল হতে পারে, অর্থাৎ যে পর্যায়ে ত্রুটি ধরা পড়বে সে পর্যায়েই বাতিল হবে।

৩. শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত online-এ আবেদনপত্র দাখিলের পরামর্শ দেয়া যাচ্ছে

৪. Coronavirus (COVID-19) পরিস্থিতি স্বাভাবিক হওয়া সাপেক্ষে পরীক্ষাসূচী যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে

৫. **Online-এ Senior Scale ( Cadre) Form পূরণের নিয়মাবলী :**

পরীক্ষার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা http://www.bpsc.teletalk.com.bd এর মাধ্যমে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। কমিশনের ওয়েব সাইটটি open করে অন-লাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে সিনিয়র স্কেল পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করলে Online Form পাওয়া যাবে: Application for Promotion Examination ➾ Senior Scale Examination ➾ Cadre ➾ Session August 2020 ➾ Cadre Name ➾ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form- এ ৪ (চার) টি Section রয়েছে: Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSC Senior Scale (Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সুক্ষভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে **এ জন্য পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০×৩০০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০×৮০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে**

৬. **এ পরীক্ষায় অংশ গ্রহণের শর্তাবলী :**

ক. কোন কর্মকর্তার সংশ্লিষ্ট ক্যাডার পদে চাকরির মেয়াদ (২০২০ সালের ১ আগস্ট তারিখে) ন্যূনপক্ষে ০৪(চার) বছর পূর্ণ এবং চাকরিতে স্থায়ী হতে হবে;

খ. নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র (on line soft copy ও hard copy) কমিশনে পৌঁছাতে হবে;

গ. আবেদনপত্রের (hard copy) সাথে স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি ও ছবি সংযুক্ত করতে হবে;

ঘ. নির্ধারিত ১১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে আবেদনপত্র সরাসরি কমিশনে পৌঁছাতে/জমা দিতে হবে;

ঙ. একজন কর্মকর্তা একসাথে তিনটি অথবা কম সংখ্যক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

চ. আবেদনপত্রের কপির (hard copy) যথাস্থানে প্রার্থীর এবং তার পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সীলসহ স্বাক্ষর থাকতে হবে;

ছ. জাতীয়করণকৃত (Nationalized) এবং Encadrement প্রার্থী স্ব স্ব ক্যাডার পদে কোন তারিখে যোগদান করেছেন তা সুনির্দিষ্টভাবে উল্লেখ পূর্বক তার প্রমাণ সংযুক্তিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;

ক্রমশ/৩

জ. ক্যাডার পদে চাকরির মেয়াদ (২০২০ সালের ০১ আগস্ট তারিখে) ১৪ বছর পূর্ণ হবার পর অথবা প্রার্থীর নিজ বয়স ৫০ বছর পূর্ণ হবার পর কোন কর্মকর্তা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না ।

ঙ. প্রার্থীকে অবশ্যই বিসিএস ক্যাডারভুক্ত হতে হবে। বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা ব্যতীত অন্য যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

**উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা না হলে আবেদনপত্র/প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।**

৭. লিথোকোড সংযুক্ত উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীকে নিজ বিষয়ের নিম্নে বর্ণিত বিষয় কোডগুলো অবহিত থাকতে হবে; যা উত্তরপত্রে কোডের স্থানে পরীক্ষার সময় লিখতে হবে :

ক. **প্রথমপত্র :** বাংলাদেশ ও চলতি বিষয়াবলী (BANGLADESH AND CURRENT AFFAIRS). বিষয় কোড নং-০০১

খ. **দ্বিতীয়পত্র :** সকল সরকারি অফিসের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ও পদ্ধতি (LAW, RULES AND REGULATIONS APPLICABLE TO ALL GOVERNMENT OFFICES). বিষয় কোড নং-০০২

গ. **তৃতীয়পত্র :** ক্যাডারভুক্ত কর্মকর্তাদের নিজস্ব কার্যাবলীর সংগে সম্পর্কিত বিষয়াবলী : বিষয় কোড নম্বরসমূহ নিম্নরূপ:

**১. বিসিএস :**

| বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বন | ৫৮০ | প্রশাসন | ৮০১ | খাদ্য | ৮০২ | নিরীক্ষা ও হিসাব | ৮০৩ | শুল্ক ও আবগারী | ৮০৪ |
| কর | ৮০৫ | পররাষ্ট্র | ৮০৬ | ডাক | ৮০৭ | পুলিশ | ৮০৮ | আনসার | ৮০৯ |
| বিসিএস (বাণিজ্য) | ৮১১ | তথ্য-সাধারণ | ৮১২ | পরিবার ও পরিকল্পনা | ৮১৩ | রেলওয়ে পরিবহন ও বাণিজ্য | ৮১৪ | কৃষি বিপণন | ৮২০ |
| কৃষি মৃত্তিকা সম্পদ | ৮২৩ | কৃষি সম্প্রসারণ | ৮৩৭ | মৎস্য | ৮৩৮ | পশু সম্পদ | ৮৭০ | গণপূর্ত (সিভিল) | ৮৯১ |
| গণপূর্ত-ই/এম | ৮৯২ | সড়ক ও জনপথ (সিভিল) | ৮৯৫ | সড়ক ও জনপথ (যান্ত্রিক) | ৮৯৬ | টেলিযোগাযোগ | ৮৯৯ | টেলিযোগাযোগ (ব্যবহারিক) | ৯৯৯ |
| রেলওয়ে প্রকৌশল (সিভিল) | ৯০০ | রেলওয়ে প্রকৌশল (যান্ত্রিক) | ৯০১ | রেলওয়ে প্রকৌশল (সরঞ্জাম) | ৯০২ | রেলওয়ে প্রকৌশল (ইলেকট্রিক্যাল, | ৯০৩ | রেলওয়ে সংকেত ও টেলিযোগাযোগ | ৯০৪ |
| জনস্বাস্থ্য প্রকৌশল | ৯০৯ | স্বাস্থ্য | ৯১০ | স্বাস্থ্য (ডেন্টাল) | ৯১১ | সমবায় | ৯২১ | তথ্য-কারিগরী | ৯২৪ |
| বিসিএস (পরিসংখ্যান) | ৯২৭ | বিসিএস (ইকনমিক) | ৯২৮ | | | | | | |

২. বিসিএস-(সাধারণ শিক্ষা) :

| বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| হিসাব বিজ্ঞান | ১০১ | আরবি | ১০৬ | বাংলা | ১০৮ | ব্যাংকিং এন্ড ফিন্যান্স | ১০৯ | উদ্ভিদবিজ্ঞান | ১১১ |
| রসায়ন | ১১৩ | অর্থনীতি | ১১৫ | শিক্ষা | ১১৬ | ইংরেজি | ১১৭ | ফিন্যান্স | ১১৮ |
| ভূগোল | ১১৯ | ইতিহাস | ১২১ | গার্হস্থ্য অর্থনীতি | ১২২ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১২৪ | ইসলামী শিক্ষা | ১২৫ |
| ব্যবস্থাপনা | ১২৯ | মার্কেটিং | ১৩০ | গণিত | ১৩১ | পালি | ১৩৩ | যুক্তিবিদ্যা ও দর্শন | ১৩৬ |
| পদার্থ বিজ্ঞান | ১৩৭ | রাষ্ট্রবিজ্ঞান | ১৩৮ | মনোবিজ্ঞান | ১৩৯ | সংস্কৃত | ১৪২ | সমাজকল্যাণ | ১৪৩ |
| সমাজ বিজ্ঞান | ১৪৪ | মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান | ১৪৫ | সাধারণ শিক্ষা-পরিসংখ্যান | ১৪৬ | উর্দু | ১৪৭ | প্রাণিবিদ্যা | ১৪৮ |
| তাফসির | ১৬০ | কৃষি বিজ্ঞান | ১৬৫ | গ্রন্থাগার বিজ্ঞান | ১৬৭ | গ্রাফিক্স | ১৭০ | চারু ও কারুকলা | ১৭৫ |
| পপুলেশন সায়েন্সেস | ১৭৬ | কম্পিউটার সায়েন্স | ১১৪ | সংগীতের ইতিহাস | ১৭৩ | হাদিস | ১৭৭ | | |

৩. বিসিএস-( কারিগরি শিক্ষা) :

| বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আর্কিটেকচার টেকনোলজি | ৯৫০ | সিভিল টেকনোলজি | ৯৫১ | কেমিক্যাল টেকনোলজি | ৯৫২ | ইলেকট্রিক্যাল টেকনোলজি | ৯৫৩ | ইলেকট্রনিক্স টেকনোলজি | ৯৫৪ |
| মেকানিক্যাল টেকনোলজি | ৯৫৫ | পাওয়ার টেকনোলজি | ৯৫৬ | গ্রাফিক্স আর্টস | ৯৫৭ | নন-টেক (পদার্থ বিজ্ঞান) | ৯৬০ | নন-টেক (রসায়ন) | ৯৬১ |
| নন-টেক (গণিত) | ৯৬২ | নন-টেক (ব্যবস্থাপনা) | ৯৬৩ | নন-টেক (হিসাব বিজ্ঞান) | ৯৬৪ | | | | |

৮. প্রত্যেক পত্রের প্রশ্নের পূর্ণমান ১০০ নম্বর এবং পাশ নম্বর ৫০। প্রত্যেক পত্রের পরীক্ষার জন্য নির্ধারিত সময় ০৩(তিন) ঘন্টা। বিসিএস (টেলিকমিউনিকেশন) ক্যাডারের তৃতীয় পত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় পূর্ণমান যথাক্রমে ৬০ ও ৪০ নম্বর এবং পাশ নম্বর ৫০% অর্থাৎ যথাক্রমে ৩০ ও ২০ নম্বর। ঐ পত্রের লিখিত পরীক্ষার নির্ধারিত সময় ০২(দুই) ঘন্টা এবং ব্যবহারিক পরীক্ষা ০১(এক) ঘন্টা।

৯. যোগ্য/অযোগ্য প্রার্থীদের তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীদের পরীক্ষার প্রবেশপত্র পরবর্তী সময়ে প্রার্থীদেরকে নিজ উদ্যোগে কমিশনের ওয়েবসাইট হতে download করে সংগ্রহ করতে হবে প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। online- এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে পরিচালক (ইউনিট-১০) ফোন ঃ ৫৫০০৬৬৩০ অথবা ৫৫০০৬৭১৩ (আই.টি. শাখা) এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১০. সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সিলেবাস কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ পাওয়া যাবে।

২৩/৭/২০২০

[মোঃ রাজা মিয়া]
পরিচালক [উপসচিব]
ফোন : ৫৫০০৬৬৩০

নং - ৮০.১১০.০৩৮.০০.০০.০০৩.২০২০-৯৭

তারিখ: ২৩ জুলাই ২০২০ / ০৮ শ্রাবণ ১৪২৭

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ------------------------------ মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
৪. সচিব, ------------------------------ মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
৫. মহাপরিচালক,------------------------------ অধিদপ্তর/পরিদপ্তর, ঢাকা
৬. পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৮. পরিচালক (সকল)/উপ-সচিব (প্রশা/অর্থ ও সেবা/বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৯. উপ-পরিচালক(সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১০. উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়,আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১১. সহকারী পরিচালক/সহকারী সচিব/ হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১২. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৩. জনাব কৌশিক দেবনাথ, সহকারী প্রোগ্রামার (কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ প্রকাশের জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৪. সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
১৫. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিঃ কর্মঃ (অতিঃ সচিব মহোঃ সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা নোটিশ বোর্ড/অভ্যর্থনা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা

২৩/৭/২০২০

[মোঃ রাজা মিয়া]
পরিচালক [উপসচিব]
ফোন : ৫৫০০৬৬৩০

ক্রমশ/৬

নং - ৮০.১১০.০৩৮.০০.০০.০০৩.২০২০-৯৭

তারিখ: ২৩ জুলাই ২০২০
০৮ শ্রাবণ ১৪২৭

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :**

১. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে। বিজ্ঞপ্তির ০৪ (চার) কপি এতদসংগে প্রেরণ করা হলো

২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক,বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো

৩. বার্তা সম্পাদক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো

২৩।৭।২০২০

[মোঃ রাজা মিয়া]
পরিচালক [উপসচিব]
ফোন : ৫৫০০৬৬৩০

**সদয় অবগতির জন্য :**

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা

২. ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞ সদস্য - ২ মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা

২৩।৭।২০২০

[মোঃ রাজা মিয়া]
পরিচালক [উপসচিব]
ফোন : ৫৫০০৬৬৩০